

বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
শিক্ষক সমিতির নির্বাচন
স্থগিত : শিক্ষকদের
মধ্যে চাপা উত্তেজনা

নিজস্ব বার্তা পরিবেশক : বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নির্বাচন রহস্যজনক কারণে স্থগিত ঘোষণা করা হয়েছে। আগামী ২৭শে মে নির্বাচন হওয়ার কথা ছিল। নির্বাচনে একটি প্যানেল হেরে যাবে এ আশঙ্কায় আইনগত জটিলতার ঝুঁকিতে দেখিয়ে নির্বাচন স্থগিত করা হয়েছে। এ নিয়ে শিক্ষকদের মধ্যে চাপা উত্তেজনা বিরাজ করছে। মেডিক্যাল বিশ্ববিদ্যালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, শিক্ষক সমিতির নির্বাচনে ২টি প্যানেল জমা পড়েছে। এর মধ্যে স্থগিত : পৃঃ ২ কঃ ৮

স্থগিত : নির্বাচন
 (১২ পৃষ্ঠার পর)

১টি স্বাধীনতা চিকিৎসক পরিষদ প্যানেল এবং অন্যটি জাতীয়জাবানী সমর্থিত প্যানেল। মোট ২০টি পদের মধ্যে একটি প্যানেল সব পদে নমিনেশন জমা দিতে পারেনি। যার কারণে অন্য একটি প্যানেল সভাপতি, যুগ্ম সম্পাদক, দপ্তর সম্পাদকসহ ৪টি পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হওয়ার সম্ভাবনা ছিল। এরই পরিপ্রেক্ষিতে অন্য ১টি প্যানেলের কিছু শিক্ষক নির্বাচন স্থগিত করার আবেদন জানান। ওই আবেদনের পরিপ্রেক্ষিতে আইনগত জটিলতা দেখিয়ে নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়েছে।

এ ব্যাপারে বিএম-এর সাবেক নেতা ও চফু বিশেষজ্ঞা ডা. শারফুন্নি আহমদের সঙ্গে যোগাযোগ করলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন এবং বলেন, এ ধরনের ঘটনা ঘটবে ও বিবেধ সৃষ্টিতে সহায়তা করে। যা কোন মতে কাম্য নয়।